



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞ:/ -২৩৯/১৩- ১০৯

তারিখঃ ১৫ ডিসেম্বর ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাংচুরের ঘটনায় তীব্র প্রতিবাদসহ
সর্বসম্মতিক্রমে নিন্দা প্রস্তাব গৃহীত**

১৪ই ডিসেম্বর ২০২০ তারিখ ৯১ তম কমিশন সভায় সম্প্রতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাস্কর্য ভাংচুরের ঘটনায় তীব্র প্রতিবাদসহ সর্বসম্মতিক্রমে নিন্দা প্রস্তাব গৃহীত হয়।

কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় উপস্থিত ছিলেন কমিশনের সার্বক্ষণিক সদস্য ড. কামাল উদ্দিন আহমেদ, অবৈতনিক সদস্য তৌফিকা করিম, চিংকিউ রোয়াজা, জেসমিন আরা বেগম, মিজানুর রহমান খান। সভায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে মহান স্বাধীনতা অর্জনসহ রাষ্ট্র হিসেবে বাংলাদেশের প্রতিষ্ঠার পেছনে তার অবদানের কথা শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে সকলেই বক্তব্য রাখেন। তিনি আজীবন মানুষের অধিকার ও সুরক্ষার জন্য সংগ্রাম করেছেন। জাতির পিতা রাষ্ট্রের সম্পদ। তাঁর অবস্থান দল-মত নির্বিশেষে সকল কিছুর উর্ধে। তাঁর ভাস্কর্য ভাংচুর করে তাঁর প্রতি যে অসম্মান করা হয়েছে তা জাতি হিসেবে আমাদের জন্য অত্যন্ত অবমাননাকর এবং কোনভাবেই গ্রহণযোগ্য নয়। এ ঘটনার তীব্র প্রতিবাদসহ নিন্দা জ্ঞাপন করার প্রস্তাব সর্বসম্মতভাবে সভায় গৃহীত হয়।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ